---

**সপ্তর্ষি মণ্ডল দেখেছেন? এই ৭ ঋষি কারা?**

রাতের আকাশে সপ্তর্ষি মণ্ডল দেখেছেন? এই ৭ ঋষি কারা?...

প্রাচীন কাল থেকেই সাত ঋষির কথা আলোচিত হয়েছে নানা শাস্ত্রে। পুরাণ অনুসারে সপ্তর্ষির উপরেই ভর করে আছে সনাতন ধর্ম, এঁদের উপরেই রয়েছে বিশ্বব্রহ্মাণ্ড রক্ষা করার দায়িত্ব। স্বয়ং প্রজাপতি ব্রহ্মার মন থেকে এই সাত ঋষির উৎপত্তি। জ্ঞান, বিজ্ঞান, ধর্ম, জ্যোতিষ ও যোগার সর্বোচ্চ স্তরে এঁরা অবস্থান করেন। জেনে নিন সাত ঋষি সম্পর্কে ও তাঁদের নামে নামাঙ্কিত আকাশের সাত তারার কথা।...

এই সপ্ত ঋষি কারা?

প্রাচীন কালের সর্বশাস্ত্রজ্ঞ মহাপণ্ডিত সাত ঋষিকে একসঙ্গে সপ্তর্ষি বলা হয়। বিশ্বব্রহ্মাণ্ডের ভারসাম্য বজায় রাখা ও মানব সভ্যতাকে সঠিক পথে চালনা করা সাত ঋষির দায়িত্ব। মনে করা হয়, এই সাত ঋষি আজও তাঁদের কর্মে লিপ্ত আছেন। দেহত্যাগের পর এঁরা আকাশে জ্যোতিষ্ক হয়ে যান বলে ধর্মীয় বিশ্বাস। সেই কারণে সপ্তর্ষি মণ্ডল এঁদের নামে নামাঙ্কিত। রাতের আকাশে দেখা যায় সাত তারার এই সমষ্টিকে।

সাত ঋষির নাম...

বেদে উল্লেখিত এই সাত ঋষির নাম হলো -

1.ঋষি কাশ্যপ,

2. ঋষি অত্রি,

3. ঋষি ভরদ্বাজ,

4. ঋষি বিশ্বামিত্র,

5. ঋষি গৌতম,

6. ঋষি জমদগ্নি

7. ঋষি বশিষ্ঠ।

বৈদিক ধর্মকে এই সাত ঋষিই রক্ষা করে চলেছেন বলে মনে করা হয়।

সপ্তর্ষির পরিচয় : ...

Published on: Dec, 12 2025 09:35

ঋষি কাশ্যপ : ...

সপ্ত ঋষির প্রথম ঋষি কাশ্যপের ১৭ জন স্ত্রী ছিলেন। অন্যতম স্ত্রী অদিতির থেকে জন্ম হয় সকল দেবতার এবং আরও এক স্ত্রী দিতির থেকে জন্ম হয় রাক্ষসকুলের। কাশ্যপের অন্য সব স্ত্রীদের থেকেই সকল প্রাণীকুলের জন্ম হয় বলে মনে করা হয়। কাশ্যপ হলেন ব্রহ্মার মানস পুত্র মারিচির পুত্র। মহাপণ্ডিত এই ঋষির শিষ্যরাই বিশ্ব-ব্রহ্মাণ্ড সৃষ্টির কাজ এগিয়ে নিয়ে যান বলে প্রচলিত বিশ্বাস।

ঋষি অত্রি : ...

সত্যযুগে ব্রহ্মার ১০ পুত্রের অন্যতম হলেন ঋষি অত্রি। তাঁর স্ত্রী ছিলেন অনসূয়া। ত্রেতাযুগে অত্রির আশ্রমেই বনবাসকালে রাম, সীতা ও লক্ষ্মণ আশ্রয় নিয়েছিলেন। অত্রির পুত্র হলেন দত্তাত্রেয়। পৌরাণিক ভারতের প্রসিদ্ধ বিজ্ঞানী অত্রি কৃষিকাজ ও বিজ্ঞানচর্চায় গুরুত্বপূর্ণ অবদান রেখেছিলেন।

ঋষি ভরদ্বাজ : ...

সপ্তর্ষির অন্যতম ঋষি ভরদ্বাজ বহু পুরাণ ও পুঁথির রচয়িতা। তাঁর রচিত শাস্ত্রের মধ্যে অন্যতম আয়ুর্বেদ। এই ঋষি ভরদ্বাজেরই পুত্র ছিলেন মহাভারতে পাণ্ডব ও কৌরবদের অস্ত্রগুরু দ্রোণাচার্য।

ঋষি বিশ্বামিত্র : ...

সপ্তর্ষিমণ্ডলের চতুর্থ ঋষি বিশ্বামিত্রই রচনা করেছিলেন গায়ত্রী মন্ত্র। তিনি প্রথম জীবনে ছিলেন রাজা, পরে সন্ন্যাস গ্রহণ করেন। নিজের ক্ষমতার দ্বারা ইনি জীবিত অবস্থাতেই ত্রিশঙ্কু অবস্থায় স্বর্গ দর্শন করেন।

ঋষি গৌতম : ...

ঋষি গৌতমের স্ত্রীর নাম অহল্যা। নিজের স্ত্রীকে অভিশাপ দিয়ে তাঁকে পাথরে পরিণত করেছিলেন গৌতম। রামচন্দ্রের কৃপায় প্রাণ ফিরে পান অহল্যা। ঋষি গৌতমই গঙ্গাকে ব্রহ্মাগিরি পর্বতে নিয়ে আসেন।

ঋষি জমদগ্নি : ...

সপ্তর্ষিমণ্ডলের ষষ্ঠ ঋষি ছিলেন জমদগ্নি। এই জমদগ্নিরই পুত্র ছিলেন পরশুরাম। নারায়ণের অন্যতম অবতার পরশুরাম ২১ বার পৃথিবী নিক্ষত্রিয় করেছিলেন।

ঋষি বশিষ্ঠ : ...

সপ্তম ঋষি বশিষ্ঠ ছিলেন রাজা দশরথের চার সন্তানের গুরু। রামায়ণের রঘুকুলের পারিবারিক গুরু ছিলেন তিনি। রাজা দশরথ, রামচন্দ্র ও তাঁর ভাইদের শিক্ষা প্রদান করেছিলেন তিনি।

Published on: Dec, 12 2025 09:35